

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা: ০১ জুন (২০১৬)


২০১৬-২০১৭ অর্থবছরের বাজেট অধিবেশন সময়কালে মহান জাতীয় সংসদে হেল্লডেক্স চালু করেছে এনবিআর

রাষ্ট্রের রাজস্ব সংগ্রহের দায়িত্বে নিয়োজিত মুখ্য প্রতিষ্ঠান জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। রাষ্ট্রের রাজস্ব ভান্ডারকে শক্তিশালী ও সুসংগত করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড সরকারের রাজনৈতিক নির্দেশনাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে সম্মানিত করদাতাদের সাথে আলোচনা ও অংশীদারিত্বের ভিত্তিতে সকলের সহযোগিতায় ২০১৬-২০১৭ অর্থবছরের জন্য একটি অংশীদারিত্বমূলক, গণমুখী, শিল্প, বিনিয়োগ, ব্যবসা-বাণিজ্য এবং করদাতা-বান্ধব এবং একই সাথে রাজস্ব সম্ভাবনাময় বাজেট প্রণয়নের কাজ সম্পন্ন করেছে।

জাতীয় রাজস্ব বোর্ডের উদ্যোগে ২০১৬-২০১৭ অর্থবছরের বাজেট অধিবেশন সময়কালে উত্থাপিত আয়কর, মূল্য সংযোজন কর এবং শুল্ক সংক্রান্ত বিভিন্ন প্রশ্নাবলীর বিধি মোতাবেক উত্তর প্রদানে সহায়তা করার জন্য মহান জাতীয় সংসদে একটি 'হেল্লডেক্স' চালু করা হয়েছে। হেল্লডেক্সটি ১ জুন ২০১৬ হতে (অধিবেশন চলাকালীন) ৩০ জুন ২০১৬ পর্যন্ত খোলা থাকবে। হেল্লডেক্সে দায়িত্ব পালন করার জন্য জাতীয় রাজস্ব বোর্ডের আয়কর, মূসক ও শুল্ক অনুবিভাগের ৫৬ জন কর্মকর্তাকে নিয়োজিত করা হয়েছে। প্রতিদিন ২ জন করে ২৬ দিন ৫৬ জন কর্মকর্তা নিয়োজিত থেকে বাজেট অধিবেশনে উত্থাপিত আয়কর, মূসক ও শুল্ক সংক্রান্ত বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদানে মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী ও সংসদ সদস্যগণকে সহায়তা প্রদান করবেন। পাশাপাশি জাতীয় সংসদ সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, সংসদ অধিবেশন চলাকালীন মহান জাতীয় সংসদে আগত সম্মানিত দর্শনার্থী, সাংবাদিকবৃন্দ এবং অতিথিবৃন্দ 'হেল্লডেক্স' থেকে অনুরূপ সহায়তা গ্রহণ করতে পারবেন।

সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান এ বিষয়ে বলেন, আমরা ২০১৬-২০১৭ অর্থবছরে বাজেট অধিবেশন চলাকালে মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী, সংসদ সদস্যগণ, দর্শনার্থী, সাংবাদিকবৃন্দ এবং অতিথিদের বাজেটে উত্থাপিত আয়কর, মূসক ও শুল্ক বিষয়ে বিভিন্ন প্রশ্নের সহজ উত্তর এবং সংশ্লিষ্ট আইন, বিধি-বিধান বিষয়ক সহায়তা করার জন্য এ হেল্লডেক্স চালু করেছি। আশা করি, এর মাধ্যমে বাজেট অধিবেশন সময়কালে সকলে প্রয়োজনীয় সহায়তা পাবেন।

বর্ণিত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বনিম্ন অনুরোধ করা হলো।


(সৈয়দ এ মুমেন)
সিনিয়র তথ্য কর্মকর্তা

প্রাপকঃ

বার্তা সম্পাদক
সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া